

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
[মূল্য সংযোজন কর]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০শে পৌষ, ১৪০৬ বাং/ ১৩ই জানুয়ারী, ২০০০ইং

SRO নং ৭-আইন/২০০০/২৫২-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের দ্বিতীয় তফসিলের প্রথম ও দ্বিতীয় কলামে শিরোনাম সংখ্যা S০৪৮ এবং সেবার কোড S০৪৮.০০ এর বিপরীতে তৃতীয় কলামে উল্লিখিত পরিবহন ঠিকাদার কর্তৃক ১০ই জুন, ১৯৯৯ইং তারিখের পূর্বে চুক্তির অথবা দরপত্রের বিপরীতে প্রদত্ত সেবাকে, উক্ত সেবা যখনই প্রদান বা সেবা মূল্য যখনই পরিশোধ করা হোক না কেন, উহার উপর উক্ত আইনের অধীন আরোপযোগ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
(মোঃ মাহবুবুর রহমান)  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।